# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 19-08-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, ভারতের আর্থিক বৃদ্ধি বিশ্বজুড়ে স্বীকৃতি পেয়েছে।

২) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন চতুর্থ ভারত – সিঙ্গাপুর মন্ত্রী পর্যায়ের গোল টেবিল বৈঠকে যোগ দিতে আজ সিঙ্গাপুর যাচ্ছেন।

৩) গৃহস্থালীতে ব্যবহৃত পাইপ বাহিত রান্নার গ্যাস (পিএনজি) সংযোগ বৃদ্ধির লক্ষ্যে সরকার, একটি উৎসাহদান প্রকল্প অনুমোদন করেছে।

৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ তিনদিনের সফরে আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন।

৫) কলকাতার নিউ মার্কেটে হোটেলে অগ্নিকান্ডের ঘটনায় একটি বিশেষ তদন্তকারী দল গঠন করা হয়েছে। এই ঘটনায় ৯'জনের মৃত্যুর হয়েছে।

৬) BW বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়ানশিপে ভারতের ধ্রুব কপিলা ও তানিশা কাস্ত্রো মিক্স ডাবলসের প্রাক কোয়ার্টার ফাইনালে উঠেছে।

oooooooooooooooooo

তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, ভারতের অর্থনৈতিক বৃদ্ধির পিছনে সামাজিক, ডিজিটাল এবং পরিকাঠামো ক্ষেত্রে বিনিয়োগ বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। আজ উত্তরপ্রদেশে জাপান বিনিয়োগ সম্মেলন-২০২৬-এ শ্রী বৈষ্ণ বলেন, আমাদের দেশে আর্থিক বৃদ্ধি বিশ্বজুড়ে স্বীকৃতি পেয়েছে।

(বাইট – অশ্বিনী বৈষ্ণ)

oooooooooooooooo

ন্যাশনাল টেস্টিং এজেন্সি এনটিএ তাদের পরীক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করছে। এজন্যে ৬০০ জন বিশেষজ্ঞকে সরিয়ে দিয়ে নতুন বিশেষজ্ঞদের পরীক্ষা ব্যবস্থায় যুক্ত করা হয়েছে। শিক্ষা মন্ত্রক এক সামাজিক মাধ্যমে পোস্টে জানিয়েছে , প্রশ্নপত্র চারটি স্তরে পরীক্ষা করে দেখা হবে। আগামী দুই থেকে তিন সপ্তাহের মধ্যে ২০ থেকে ২৫ জন নতুন আধিকারিককে এন টিএ অন্তর্ভুক্ত করবে। এছাড়াও তাদের সমস্ত দপ্তরকে একটি নতুন অঞ্চলের স্থানান্তরিত করা হবে যেখানে সি আই এস এফের জওয়ানদের তত্বাবধায়নে নিরাপত্তা ব্যবস্থা আরো মজবুত করে তোলা হবে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী প্রহ্লাদ যোশী সুষ্ঠু ও স্বচ্ছতার সঙ্গে পরীক্ষা পরিচালনার জন্যে প্রয়োজনীয় নিরাপত্তা, পরিকাঠামোগত সুযোগ সুবিধা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন।

ooooooooooooooooo

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন চতুর্থ ভারত সিঙ্গাপুর মন্ত্রী পর্যায়ের গোলটেবিল বৈঠকে যোগ দিতে আজ সিঙ্গাপুর যাচ্ছেন। তাঁর সঙ্গে বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শংকর , শিল্প বাণিজ্য মন্ত্রী পীযুষ গোয়েল , ইলেক্ট্রনিক ও তথ্য প্রযুক্তি মন্ত্রী জিতিন প্রসাদ এই বৈঠকে যোগ দিতে যাচ্ছেন । ২০২২ সালে শুরু হওয়া দু দেশের মন্ত্রী পর্যায়ের এই বার্ষিক বৈঠকে অর্থনৈতিক সহযোগিতা বিষয়ে আলোচনা হয়ে থাকে। উন্নত পর্যায়ে উৎপাদন , যোগাযোগ , ডিজিটাল পরিকাঠামো, ওষুধপত্র , দক্ষতা বৃদ্ধি এবং সুস্থায়ী উন্নয়ন বিষয়ে দ্বিপাক্ষিক সহযোগিতা নিয়ে এ বারের বৈঠকে আলোচনা হবে। অর্থ মন্ত্রক জানিয়েছে, ভারত- সিঙ্গাপুর অর্থনৈতিক

অংশিদারিত্ব আরও জোরদার করার লক্ষ্যে নতুন সম্ভাবনার বিষয়ে মত বিনিময় হবে ।

**০০০০০০০০০০০০০০০০০০**

পড়ুয়াদের আন্দোলনের জেরে ঝাড়খন্ড সরকার বেনিয়মের কারণে গতরাতে ৪৪ টি নিয়োগ পরীক্ষার একটি তালিকা বাতিল করেছে।
আটটি বিজ্ঞপ্তি জারির মাধ্যমে ঝাড়খন্ড পাবলিক সার্ভিস কমিশন ও ২০১৪ সাল থেকে আউটসোর্সিং এজেন্সি TSR ডাটা প্রসেসিং প্রাইভেট লিমিটেডের নেওয়া পরীক্ষাগুলিও এই বাতিল তালিকায় রয়েছে।
ড্রাগ ইনস্পেক্টর, অ্যাসিস্টেন্ট প্রফেসর, অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ডেপুটি কালেকটর, দাঁতের ডাক্তার নিয়োগের মতো পরীক্ষাও রয়েছে এর আওতায়।

**০০০০০০০০০০০০০০০০০০**

দেশের ঘরে ঘরে নিরাপদ ও সাশ্রয়ী পাইপ-লাইন বাহিত রান্নার গ্যাস (পিএনজি) সংযোগ পৌঁছে দেওয়ার লক্ষ্যে সরকার একটি উৎসাহ প্রকল্প অনুমোদন করেছে। আগামী মাসের ১ তারিখ থেকে এই প্রকল্প কার্যকর হবে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, সক্রিয় পিএনজি সংযোগের সম্প্রসারণ প্রক্রিয়া আরও দ্রুত করার জন্য এই প্রকল্প কার্যকর করা হবে , যাতে আরও বেশি পরিবার তাদের রান্নাঘরে পাইপ-লাইন বাহিত গ্যাস ব্যবহার শুরু করতে পারে। বর্তমানে দেশে ১ কোটি ৭৪ লক্ষ গৃহস্থালি পিএনজি সংযোগ রয়েছে। মন্ত্রক জানিয়েছে, এই নতুন প্রকল্পটির মাধ্যমে 'সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন' কোম্পানিগুলি নতুন নতুন এলাকায় পিএনজি গ্যাস পৌঁছে দেওয়ার জন্য তৎপর হবে । মন্ত্রকের মতে, এলপিজি সিলিন্ডারের তুলনায় পাইপ-লাইন বাহিত গ্যাস একটি অধিকতর নিরাপদ ও সুবিধাজনক বিকল্প।

**০০০০০০০০০০০০০০০০০০**

এনফোরস মেন্ট ডিরেক্টরেট আজ উত্তরপ্রদেশ ও দিল্লির ১০ টি স্থানে অর্থ পাচার মামলায় তল্লাশী অভিযান চালিয়েছে। মোউলানা মহম্মদ আলি জওহর ট্রাস্ট এবং

মহম্মদ আলি জহর বিশ্ববিদ্যালয়ে এর বিরুদ্ধে এই অর্থ পাচার কাণ্ডে জড়িত থাকার অভিযোগ উঠেছে। বে সরকারি ঠিকাদার দের মাধ্যমে সংশ্লিষ্ট বিশ্ব বিদ্যালয়ের পরিকাঠামো নির্মানে বরাদ্দ কৃত অর্থ পাচার এর অভিযোগ উঠেছে এই বিশ্ব বিদ্যালয়ের বিরুদ্ধে ।

ooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, *রবিবার৩০ শে আগস্ট* , আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

oooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, তিন দিনের সফরে আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন। উত্তরবঙ্গে প্রশাসনিক বৈঠক-সহ একাধিক কর্মসূচিতে অংশ নেওয়ার পাশাপাশি সীমান্ত নিরাপত্তার সঙ্গে সংশ্লিষ্ট বেশ কিছু প্রকল্পের সূচনা করবেন তিনি।

শুক্রবার শিলিগুড়ির কাওয়াখালিতে, নতুন ফৌজদারি আইন বিষয়ে পাঁচদিন ব্যাপী একটি প্রদর্শনীর উদ্বোধন করবেন শ্রী শাহ্। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারিও উপস্থিত থাকতে পারেন ।

গতকাল অনুষ্ঠানস্থল পরিদর্শন করেন রাজ্য পুলিশের ডিজি সিদ্ধিনাথ গুপ্তা সহ উচ্চপদস্থ আধিকারিকরা। সফরকালে স্বরাষ্ট্রমন্ত্রীর, সীমান্তবর্তী এলাকার নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা, সীমান্ত লাগোয়া জেলাগুলিতে নগদ অর্থের অবৈধ লেনদেন রুখতে জেলা শাসকদের নিয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক'ও রয়েছে।

ooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ত্রিপুরার মহারাজা বীর বিক্রম কিশোর বাহাদুরের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন । এক সোশ্যাল মিডিয়া বার্তায় মহারাজা বীর বিক্রম কিশোরকে একজন দুরদর্শী শাসক হিসাবে বর্ননা করে শ্রী শাহ বলেন , তিনি ত্রিপুরায় জনমুখী শাষনব্যবস্থা প্রবর্তন করেছিলেন। মহারাজাকে আধুনিক ত্রিপুরার রূপকার হিসাবে স্মরণ করেন তিনি ।

oooooooooooooooooo

কলকাতার নিউ মার্কেটের মির্জা গালিব স্ট্রিটের হোটেলে আগুন লেগে ৯'জনের মৃত্যুর ঘটনায় বিশেষ তদন্তকারী দল- সিট গঠন করেছে কলকাতা পুলিশ। সাত সদস্যের সিটের নেতৃত্বে আছেন DCDD স্পর্শ নীলাঙ্গী। এই ঘটনায় মৃতদের মধ্যে আছেন দুই মহিলা ও একটি শিশু। আহত ১৬ জনের SSKM হাসপাতালে চিকিৎসা চলেছে।

আগুন লাগার খবর পেয়েই আজ সকালে ঘটনাস্থলে যান শিল্প মন্ত্রী তাপস রায় ও পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। পরে অগ্নিমিত্রা সাংবাদিকদের বলেন, প্রশাসনিক ততপরতায় ৮০ জনকে উদ্ধার করা গেছে।

এদিকে দমকল মন্ত্রী কৌশিক চৌধুরী এই অগ্নিকান্ড নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে কথা বলেন। ফরেন্সিক বিশেষজ্ঞরা আজ'ই ঘটনাস্থলে যাবেন। হোটেলের ম্যানেজারকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। মালিকের খোঁজ মেলেনি।

উল্লেখ্য, দমকল অফিসের অদূরে পাঁচতলা ওই ভবনের তিনতলায় গতকাল রাত দুটো নাগাদ আগুন লাগে। দমকলের চারটি ইঞ্জিন গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। সাধারণত ভিনরাজ্য বা বিদেশ থেকে চিকিৎসার জন্যে আসা ব্যক্তিরাই ওই হোটেলগুলিতে থাকেন বলে স্থানীয় সূত্রে খবর।

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। উভয়েই নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানানোর পাশাপাশি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

**০০০০০০০০০০০০০০০০০**

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কানাডা থেকে আমদানি কৃত পণ্যের ওপর ৫০% হারে শাস্তি মূলক শুল্ক আরোপের সিদ্ধান্ত কার্যকর করা পিছিয়ে দিয়েছেন । দুই দেশের মধ্যে এ বিষয়ে একটি চুক্তি হওয়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি বলেছেন , মার্কিন যুক্তরাষ্ট্র কর্ত্রিক শুল্ক আরোপের সিদ্ধান্ত আগামী শুক্র বার পর্যনত পিছিয়ে দেওয়া হয়েছে। বাণিজ্যিক লেনদেন এবং শুল্ক হার নিয়ে দু দেশের মধ্যে দীর্ঘ দিন ধরে আলোচনার পর , এ বিষয়ে সিদ্ধান্ত হয়েছে।

**০০০০০০০০০০০০০০০০০**

ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলি দীর্ঘ মেয়াদী উন্নয়ন ও পরিবেশ সুরক্ষায় সহযোগিতা মজবুত করার বিষয়ে তাদের দায়বদ্ধতার কথা পুনরায় জানিয়েছে। গতকাল নতুন দিল্লিতে আয়োজিত দ্বাদশ ব্রিকস পরিবেশ মন্ত্রীদের বৈঠক শেষে যৌথ আন্তঃমন্ত্রণালয়ের বিবৃতি গ্রহণ করা হয়। ঐ বিবৃতিতে বলা হয়েছে জলবায়ু পরিবর্তন ও প্যারিস সমঝোতার ওপর ভিত্তি করে রাষ্ট্রসঙ্ঘ কনভেনশন ও ২০৩০ সালের কর্মসূচি বাস্তবায়নে অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। অংশগ্রহণকারী দেশগুলি এক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা আরও বৃদ্ধি করার ওপর গুরুত্ব আরোপ করেছে। পাশাপাশি উন্নতিশীল দেশগুলিতে জলবায়ু ও পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলায় উন্নত দেশগুলির অর্থ সাহায্য জরুরি বলে মত প্রকাশ করা হয়েছে।

**০০০০০০০০০০০০০০০০০**

জম্মু-কাশ্মীর সরকার পরিকল্পিত নগরোন্নয়নের লক্ষে ল্যান্ড পুলিং বা জমি একত্রীকরণ নীতি ২০২৬ এর বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। জমির মালিক ও উন্নয়ন সংস্থাগুলির স্বেচ্ছায় জমি দানের মাধ্যমে এই জমি ভান্ডার বা ল্যান্ড পুল গড়ে তোলার কথা এই নীতিতে বলা হয়েছে। ১৯৭০ সালের জম্মু জম্মু-কাশ্মীর -কাশ্মীর উন্নয়ন আইনের

আওতায় ঘোষিত বিভিন্ন এলাকার জমি এই নীতি অনুসারে এই পুলে নেওয়া হবে। তবে বেআইনী কলোনি, মামলায় আটকে থাকা জমি, বনাঞ্চল , চারণভূমি , নিকাশি নালা, জলাশয়, হেরিটেজ ঘোষিত জমি এই পুলের আওতায় আসবে না।

**oooooooooooooooooo**

জম্মু-কাশ্মীরে খারাপ আবহাওয়াজনিত কারণে শ্রীমাতা বৈষ্ণদেবী তীর্থযাত্রার রেজিস্ট্রেশন আপাতত স্হগিত রাখা হয়েছে। তীর্থযাত্রার ট্রাস্টের পক্ষ থেকে জানানো হয়েছে যাঁদের রেজিস্ট্রেশন ইতিমধ্যেই হয়ে গেছে আবহাওয়া ভালো থাকলে তাঁদের জন্য যাত্রার অনুমতি দেওয়া হবে। তবে তীর্থ যাত্রীদের কর্তৃপক্ষের নির্দেশ মেনে চলতে হবে।

**oooooooooooooooooo**

নেদারল্যান্ডস এর অ্যামসেলভিনে পুরুষদের হকি বিশ্বকাপে আজ ভারত গ্রুপ পর্বে তাদের শেষ ম্যাচে পাকিস্তানের মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা সাড়ে ছয়টায়। ভারত প্রথম ম্যাচে ওয়েলসকে ৩-১ গোলে পরাজিত করেছে। দ্বিতীয় ম্যাচে ইংল্যান্ডের কাছে ২-৪ গোলে পরাজিত হয়েছে। ভারত গ্রুপ ডি তে ২ ম্যাচে ৩ পয়েন্ট সংগ্রহ করে দ্বিতীয় স্থানে রয়েছে। পাকিস্তান সমসংখ্যক ম্যাচ খেলে ১ পয়েন্ট সংগ্রহ করে চতুর্থ স্থানে রয়েছে। আজকের ম্যাচ জিতলেই দ্বিতীয় রাউন্ডে পৌঁছবে ভারত। ২ ম্যাচে ৬ পয়েন্ট সংগ্রহ করে ইংল্যান্ড ইতিমধ্যেই দ্বিতীয় রাউন্ডে জায়গা করে নিয়েছে।

**oooooooooooooooooo**

বি ডব্লিউ বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়ন শিপে ভারতের ধ্রুব কপিলা ও তানিশা কাস্ত্র, মিক্স ডাবলসের প্রাক কোয়ার্টার ফাইনালে উঠেছেন । নতুন দিল্লির ইন্দিরা গান্ধী ইন্ডোর স্টেডিয়ামে আজ তারা লিও আইও কে চোং এবং নেগ অয়েংচিকে ২১-১১ ২১-১১ –তে হারিয়ে দেন । ধ্রুব ও তানিশা প্রাক কোয়ার্টার ফাইনালে চিনা জুটি চেন ফ্লেং উই ও গুয়ো জিং ওয়ার মুখোমুখি হবে ।

**oooooooooooooooooo**

ভারতের বিরুদ্ধে প্রথম ক্রিকেট টেস্টে আজ গলে শ্রীলঙ্কা মধ্যাহ্ন বিরতি পর্যন্ত ৬ উইকেটে ১৭৫ রান করেছে।

<u>oooooooooooooooooo</u>